দৈনিক ইত্তেফাক

75

24 JUL 1989
তারিখ ...
পৃষ্ঠা ... 9 কলাম 6 ...

# পারুমা হকির গ্রুপ চ্যাম্পিয়ন বিকেএসপি ও ঢাকা বোর্ড

স্পোর্টস রিপোর্টার ॥ ঢাকা শিক্ষা বোর্ড ও বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) দল পারুমা নরম জাতীয় যুব হকির গ্রুপ চ্যাম্পিয়ন হইয়াছে। গতকাল (রবিবার) বিকালে হকি ষ্টেডিয়ামে অনুষ্ঠিত ক গ্রুপের শেষ খেলায়, তীব্র প্রতিদ্বন্দ্বিতার পর ঢাকা বোর্ড ময়মনসিংহ জেলা দলের বিরুদ্ধে ১-০ গোলে জয় লাভ করে। গোলশূন্যভাবে প্রথমার্ধ শেষ হইবার পরে দ্বিতীয়ার্ধের ২৯ মিনিটের সময় একটি পেনাল্টি কর্ণার হইতে অনু একমাত্র গোলটি করে। অবশ্য গোলছাড়াও বোর্ড তুলনামূলকভাবে বেশী আক্রমণ চালায়।

দিনের দ্বিতীয় 'খ' গ্রুপের খেলায় বিকেএসপি টাইব্রেকারে ৭-৬ গোলে ঢাকা জেলা দলকে পরাজিত করে। তীব্র প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ এই খেলাটির নির্ধারিত ৭০ মিনিট গোলশূন্য ছিল।

বিজয়ী দলের পক্ষে হায়দার, রশীদ, আলমগীর, আক্তারুজ্জামান, খুরশিদ, আখতার ও নূর এবং ঢাকার তায়েব, সরফুল, মারুফ, সেলিম, সাঈদ ও মঈনুদ্দিন গোল করে। বিকেএসপির গোলরক্ষক তুষার ৪টি ও ঢাকার রানা ৩টি পেনাল্টি স্ট্রোক প্রতিহত করেন। খেলায় ঢাকা জেলা দল বেশী ফাউল করিয়া খেলে। দ্বিতীয়ার্ধের ২০ মিনিটের সময় ঢাকার নাসের প্রতিপক্ষের আখতারকে ইচ্ছাকৃত ফাউল করিলে বিকেএসপির কর্মকর্তারা দলকে মাঠ হইতে প্রত্যাহার করে। ৫ মিনিট পর তাহারা খেলিতে মাঠে প্রবেশ করিলে আম্পায়ারগণ বে-আইনীভাবে মাঠ ত্যাগের জন্য দলীয় অধিনায়ক আলমগীরকে শাস্তিস্বরূপ ৫ মিনিট মাঠের বাহিরে রাখেন।

গতকাল খেলায় অংশগ্রহণকারী ৪টি দল পূর্বেই সেমিফাইনাল খেলার যোগ্যতা অর্জন করিয়াছে।

আজ (সোমবার) ঢাকা শিক্ষা বোর্ড ও ঢাকা জেলা দলের মধ্যে প্রথম সেমিফাইনাল (৪টায়) হইবে।

আগামীকাল দ্বিতীয় সেমিফাইনালে বিকে এসপি ময়মনসিংহ জেলার বিরুদ্ধে খেলিবে।